# সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


## নকল প্রেমিকা

প্রেমিকাকে পাশ করানোর জন্য মেয়ের বেশে পরীক্ষা দিতে গেলেন তরুণ। পাঞ্জাবের ফরিদকোটের ঘটনা। আধার কার্ড-সহ যাবতীয় নথি থাকলেও আঙুলের ছাপ দিতে গিয়ে বিপত্তি। ধৃত যুবক



## মাথার পিছন থেকে মিলল গুলি, মডেল খুনে এবার চাঞ্চল্যকর তথ্য



## কুয়াশার দাপট, উত্তরপ্রদেশে দুই বাসের সংঘর্ষে জখম ৪০




বর্ষ - ১, সংখ্যা ২৩৪ • ১৫ জানুয়ারি, ২০২৪ • ২৯ পৌষ ১৪৩০ • সোমবার • ৩ পাতা • Vol. 1, Issue - 234 • JAGO BANGLA • MONDAY • 15 JANUARY, 2024 • 3 Pages


## নিশ্চিন্তে মকরস্নান ■ সৌজন্যে ৮ মন্ত্রী ■ ২৪ ঘণ্টাই সজাগ প্রশাসন

# প্রতি মুহূর্তে নজরদারি মুখ্যমন্ত্রীর




■ মুখ্যমন্ত্রীর নজরদারিতে ৮ মন্ত্রী সাগরমেলায় পড়ে থেকে সব দিক নজর রাখছেন।

**প্রতিবেদন :** রবিবার রাত ১২টা ১৩ থেকে সোমবার রাত ১২টা ১৩ পর্যন্ত এবার গঙ্গাসাগরে পুণ্যস্নানের সময়। কুম্ভমেলা না থাকায় রবিবার থেকেই থিকথিকে ভিড় সাগরতটে। কপিলমুনির আশ্রমে উপচে পড়ছে পুণ্যার্থীর ভিড়। এদিন বিকেলে ৮ মন্ত্রী সাংবাদিক বৈঠক করেন সাগরে। সেখানেই জানান এবারে ১ কোটিরও বেশি পুণ্যার্থী গঙ্গাসাগরে এসেছেন। স্নান সেরে ঠকঠক করে কাঁপতে কাঁপতে উঠেও মুখে তৃপ্তির হাসি দেখা যাচ্ছে পুণ্যার্থীদের।

এই বিপুল সমাগম যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে, যাতে রাজ্য ও ভিনরাজ্যের পুণ্যার্থীদের কোনও সমস্যা না হয়, তা তদারকি করছেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাড়ি থেকেই রাত জেগে সমস্ত আয়োজনের খোঁজখবর নিচ্ছেন। মনিটরিং করছেন। সেইসঙ্গে প্রয়োজনীয় নির্দেশ দিচ্ছেন জেলা প্রশাসনকে। (এরপর ২ পাতায়)

## রেকর্ড ভিড় গঙ্গাসাগরে, মকরস্নানে ১ কোটি পুণ্যার্থী



■ মকরসংক্রান্তির পুণ্যস্নান করতে গঙ্গাসাগরে আছড়ে পড়েছে পুণ্যার্থীদের ভিড়। সোমবার।

# মোদি ব্যস্ত নিজের প্রচারে, ডুবছে দেশ


**প্রতিবেদন :** দেশের অর্থনীতি ডুবতে বসেছে। আর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ব্যস্ত আত্মপ্রচারে। দেশের অর্থনৈতিক খাদ্য মূল্যস্ফীতি বাড়ছে। আর শিল্পে উৎপাদন নেমেছে সর্বনিম্নে। ২০২৪-এর লোকসভা নির্বাচনের আগে রামমন্দির নিয়ে রাজনীতিতে ব্যস্ত কেন্দ্রের শাসক দল। তখন তৃণমূল চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল কেন্দ্রের বিজেপি সরকারের ব্যর্থতা। একেবারে পরিসংখ্যান তুলে ধরে প্রমাণ দিল তৃণমূল। তৃণমূলের অভিযোগ, লোকসভা নির্বাচনের আগে বিজেপি মূল ইস্যুগুলি থেকে নজর ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছে, কিন্তু তৃণমূল তা একে একে তুলে ধরল সোশ্যাল মিডিয়ায়।

তৃণমূল এদিন তথ্য দিয়ে জানিয়েছে, অর্থনৈতিক খাদ্য মূল্যস্ফীতি ডিসেম্বরে ৯.৫৩ শতাংশ বেড়েছে। আর শিল্প উৎপাদন নভেম্বরে আট মাসের সর্বনিম্ন ২.৪ শতাংশে নেমেছে। ভোক্তা খাদ্য মূল্য সূচকের ধারাবাহিক পতন হয়েছে। দেশে ধনী ও দরিদ্রের মধ্যে রোজগারের বিস্তর ফারাক। ধনীদের ২০ শতাংশের আয় ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও গরিব মানুষের আয় সেখানে হ্রাস পেয়েছে।

বেকারত্বের হারও রেকর্ড বেড়েছে। নতুন কর্মসংস্থানের অভাব প্রকট হচ্ছে দেশে। নোটবন্দির পরে শিল্প উৎপাদনে বিরাট পতন দেখা দিয়েছে। যোগ্য চাকরিপ্রার্থীদের কর্মসংস্থান হ্রাস পেয়েছে। তারপর রাজ্যগুলির মধ্যে সুযোগ-সুবিধার অসমতা বজায় রয়েছে। (এরপর ২ পাতায়)

### এক নজরে

- ২০২৩-এর ডিসেম্বরে খুচরো খাদ্য মূল্যস্ফীতি বেড়ে ৯.৫৩ শতাংশ
- ২০২২-এর ডিসেম্বরে বার্ষিক খাদ্য মূল্যস্ফীতি ছিল ৪.১৯ শতাংশ
- শিল্প উৎপাদন নভেম্বরে আট মাসের সর্বনিম্ন ২.৪ শতাংশে নেমেছে
- দেশে ধনী ও দরিদ্রের মধ্যে রোজগারের বিস্তর ফারাক
- ধনীদের ২০ শতাংশের আয় ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে
- মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও গরিব মানুষের আয় হ্রাস পেয়েছে
- যোগ্য চাকরিপ্রার্থীদের কর্মসংস্থান হ্রাস পেয়েছে
- রাজ্যগুলির মধ্যে সুযোগ-সুবিধার অসমতা
- শিক্ষা, স্বাস্থ্য এবং মৌলিক সুবিধার ক্ষেত্রে রাজ্যগুলির মধ্যে বৈষম্য স্পষ্ট
- কর্মসংস্থানে লিঙ্গবৈষম্য প্রবল
- মহিলাদের কর্মসংস্থানের হার ১১.৮৮ শতাংশ থেকে কমে ৭.৯৬ শতাংশ
- শহরাঞ্চলে মহিলাদের কর্মসংস্থানের হার কমে ১০.৭৭ শতাংশ থেকে কমে ৫.৫৭ শতাংশ




# সকাল থেকেই মেঘলা বাংলায় পড়ল শীত



**প্রতিবেদন :** মকরসংক্রান্তির দিন শীতের ঝোড়ো ব্যাটিং রাজ্যজুড়ে। সকাল থেকেই মেঘলা আকাশ। কুয়াশার দাপটে দৃশ্যমানতার অভাব। কোচবিহার, জলপাইগুড়ি থেকে কলকাতা সর্বত্র একই অবস্থা। বেলা পর্যন্ত লুকোচুরি খেলা চলছিল সূর্যের। গত কয়েকদিনে তাপমাত্রা নেমেছে অনেকটাই। বইছে হাড় কাঁপানো হিমেল হাওয়া। এদিকে চলতি সপ্তাহেই বুধ-বৃহস্পতিবার থেকে আবার বৃষ্টির সম্ভাবনা জারি করেছে হাওয়া অফিস। দক্ষিণের পাশাপাশি উত্তরবঙ্গের উপরের জেলাগুলিতে মঙ্গলবার বৃষ্টিপাত হতে পারে।

তবে মেঘ প্রবেশ করলেই ঠান্ডা কমবে, ঊর্ধ্বমুখী হবে তাপমাত্রা। আগামী কয়েকদিন তাপমাত্রার খুব একটা বৈপরিত্য হবে না, ২ থেকে ৪ ডিগ্রি কম বেশি হতে পারে। সপ্তাহের প্রথম দিনের সর্বনিম্ন তাপমাত্রা ১৪ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে। সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৩ ডিগ্রি ।

সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

২

১৫ জানুয়ারি ২০২৪

সোমবার


# বিকেলের TOP 10

## রাজ্য

- শৈত্যপ্রবাহ পুরুলিয়ায়, কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ১৩.৯।
- সুরাটের ট্রেনে আত্মঘাতী বালুরঘাটের শ্রমিক।
- তোলা না দেওয়ায় বারাকপুরে ব্যবসায়ীকে কোপ দুষ্কৃতীদের।
- বাগডোগরায় নিয়ন্ত্রণ হারিয়ে ৩ গাড়িকে ধাক্কা, আহত এএসআই।
- ভোররাতে গাজলে মূর্তি তৈরির কারখানায় ভয়াবহ আগুন।
- ময়নাগুড়িতে ২৪ কেজি গাঁজা-সহ পুলিশের জালে ২ পাচারকারী।
- বেলঘরিয়ার ফ্ল্যাটে উদ্ধার শিলিগুড়ির যুবতীর দেহ।
- নিউটাউনের জ্যোতিনগরের ঝুপড়িতে ভয়াবহ আগুন।
- বন্যপ্রাণী-মানুষের সংঘাত এড়াতে নাগরাকাটায় সচেতনতা শিবির।
- দুটি ভিন্ন পথ দুর্ঘটনায় ময়নাগুড়িতে মৃত ২, গুরুতর জখম ১।

## দেশ

- জোটে নেই বিএসপি, লোকসভা ভোটে একা লড়ার বার্তা মায়াবতীর।
- ইতিহাস গড়ে ৭৩ হাজার পার সেনসেক্সের।
- উত্তরপ্রদেশে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে আহত কমপক্ষে ৪০।
- রামমন্দির উদ্বোধনে উত্তরপ্রদেশে সরকারি ছুটি, ৫ রাজ্যে ঘোষিত 'ড্রাই ডে'।
- দিল্লি: প্রাক্তন জুনিয়র সহকর্মীকে হোটেলে আমন্ত্রণ, সিইও-র বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ তরুণীর।
- বিমান ছাড়তে দেরি, ঘোষণা শুনেই পাইলটকে ঘুসি মারলেন যাত্রী।
- শীতে কাবু উত্তর ভারত, দিল্লিতে দৃশ্যমানতা শূন্য! চলছে শৈত্যপ্রবাহ।
- রামমন্দিরের পাশেই জমি কিনলেন অমিতাভ বচ্চন, হলেন 'সরযূ'র প্রথম নাগরিক।
- মধ্যপ্রদেশ: বাইকে বাবার পিছনে বসে ঘুড়ির সুতোয় গলা কেটে মৃত্যু ৭ বছরের শিশুর।
- কংগ্রেস ছাড়ার কয়েক ঘণ্টা পরেই শিবসেনায় যোগ মিলিন্দ দেওরার।

## বিদেশ

- আইসল্যান্ডে ফের জাগল আগ্নেয়গিরি।
- শাসকদের কথা শুনলেই বন্ধ হবে মামলা: ইমরান।
- ১০০ দিন পার, যুদ্ধ বন্ধের ডাক দেশে দেশে।
- আমেরিকাকে জোরদার জবাবের হুমকি হুথির।
- মালদ্বীপের মুইজ্জু সরকার সেনা সরাতে বলার পরেই বিবৃতি দিল ভারতের বিদেশমন্ত্রক, কী জানাল নয়াদিল্লি।
- ঘুমের মধ্যেই মৃত্যু! আমেরিকায় ২ ভারতীয় পড়ুয়ার মৃত্যুতে রহস্য।
- বিদেশি শিক্ষার্থী কমানোর সিদ্ধান্ত কানাডার, কেন জানেন?
- বাইডেনের জনপ্রিয়তা আরও কমেছে, ৭০ ভাগ রিপাবলিকানের সমর্থন ট্রাম্পের প্রতি।
- রাষ্ট্রসংঘে নিরাপত্তা পরিষদে স্থায়ী পদ, ভারতের হয়ে সওয়াল বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রীর।
- হেরে ক্ষুব্ধ 'চিনপন্থী' মুইজ্জু, ভারতীয় সেনা হঠানোর ডেডলাইন দিল মালদ্বীপ।

## খেলা

- বিরাটের সঙ্গে ব্যাট করা মানেই নতুন কিছু শেখার সুযোগ: যশস্বী জয়সওয়াল।
- অস্ট্রেলিয়ান ওপেনের প্রথম রাউন্ডে ক্যারোলিন গার্সিয়ার সঙ্গে খেলার আগে স্মৃতিমেদুর নাওমি ওসাকা।
- এপ্রিলে ক্যান্ডিডেটস দাবায় খেলবেন না পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন ম্যাগনাস কার্লসেন।
- নিজের টি-২০ কেরিয়ারের দিকে তাকিয়ে রোহিত শর্মার উপলব্ধি, এটা ছিল এক লম্বা সফর।
- ম্যাচ আরও আগে শেষ করা উচিত ছিল: শিবম দুবে।
- স্মিথের পর বিরাটের সঙ্গেও খেলার জন্য মুখিয়ে আছি: জাকোভিচ।
- বার্সেলোনাকে ৪-১ গোলে হারিয়ে সুপার কাপ জিতল রিয়াল মাদ্রিদ।
- ইপিএলে টটেনহ্যামের সঙ্গে ২-২ ড্র ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের।
- সালাহর গোলে মোজাম্বিকের বিরুদ্ধে হার বাঁচাল মিশর।
- চোটে পাকিস্তানের বিরুদ্ধে শেষ তিন টি-২০ ম্যাচে নেই কেন উইলিয়ামসন।

# কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও বাংলার আর্থিক বৃদ্ধি সর্বোচ্চ




**প্রণাম ধর**

অধ্যাপক


পশ্চিমবঙ্গের অর্থনীতি অনেকটাই অগ্রণী ভূমিকায় এগিয়ে এল। হ্যাঁ ঠিকই শুনছেন। নানারকম বিরোধিতা, বঞ্চনা, কেন্দ্রীয় সরকারের তঞ্চকতা, মিথ্যা প্রতিশ্রুতি, পাওনা টাকা না দেওয়া ইত্যাদি সত্ত্বেও রিজার্ভ ব্যাঙ্কের ঘোষণা অনুযায়ী পশ্চিমবঙ্গের অর্থনৈতিক বৃদ্ধি হয়েছে সর্বোচ্চ অর্থাৎ ১০.৮৬ শতাংশ যা গত আর্থিক বছরের তুলনায় দেড়গুণ বেশি।

**বৈশিষ্ট্য**

পশ্চিমবঙ্গের অর্থনীতি হল পূর্ব ভারতের রাজ্যগুলির মধ্যে মূলত কৃষি ও মাঝারি আকারের শিল্পের উপর নির্ভরশীল অর্থনীতি, যদিও এই রাজ্যে অর্থনীতিতে সেরা এবং ভারী শিল্পগুলি ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। পশ্চিমবঙ্গের অর্থনীতি একটি মধ্যম আয়ের উন্নয়নশীল সামাজিক বাজারভিত্তিক মিশ্র অর্থনীতি। এই রাজ্যের অর্থনীতি উল্লেখযোগ্য সরকারি খাত-সহ বৃহত্তম পূর্ব ভারতীয় অর্থনীতি। পরিসংখ্যান অনুযায়ী পশ্চিমবঙ্গ মাথাপিছু আয়ের নিরিখে ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল ও রাজ্যগুলির মধ্যে কুড়িতম স্থানে রয়েছে।

**অগ্রগতি**

১৯৪৭ সালে ভারতের স্বাধীনতা পাওয়ার পর রাজ্যের একটি উল্লেখযোগ্য অংশ অর্থনৈতিকভাবে পিছনে থাকলেও ১৯৮০-র দশকের পর থেকে খাদ্য উৎপাদনে এই রাজ্যের একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। এই রাজ্য এখন ভারতবর্ষের খাদ্য উদ্বৃত্ত থাকা রাজ্যগুলির মধ্যে অন্যতম। যদিও পশ্চিমবঙ্গের জনসংখ্যা সারা ভারতের জনসংখ্যার মাত্র ১৫ শতাংশ, তবুও এই রাজ্য দেশের চালের প্রায় ২০% এবং আলু উৎপাদনের ৩৩ শতাংশ উৎপাদন করে। ২০২২-২৩ সালের পরিসংখ্যান অনুযায়ী পশ্চিমবঙ্গ ভারতবর্ষের চতুর্থ বৃহৎ অর্থনীতি, যা ২০১৮-১৯ সালে ছিল ষষ্ঠ বৃহৎ অর্থনীতি।

**মমতা বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা**

এই উত্থানের পিছনে মূলত রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সুষ্ঠ পরিচালন ব্যবস্থা ও পূর্ব পরিকল্পনা। যা বর্তমান কেন্দ্রীয় সরকারের রাজত্বে বিরল বলা যেতে পারে।

*(চলবে)*

# কুণালের মামলায় শিশিরকে সমন

**প্রতিবেদন :** তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের সম্পর্কে কুৎসিত মন্তব্য করে ফেঁসে গেলেন সাংসদ শিশির অধিকারী। তাঁর বিরুদ্ধে মানহানির মামলা করেছিলেন কুণাল ঘোষ। সোমবার, শিশিরকে সমন করলেন ১৯ নম্বর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট। ১১ মার্চ সাংসদকে সশরীরে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে।

কয়েকদিন আগে ফেসবুকে সাংসদ শিশির অধিকারীর একটি বক্তব্য পোস্ট করা হয়। সেখানে শোনা যায়, কুণাল ঘোষের বিরুদ্ধে অশ্রাব্য ভাষা প্রয়োগ করছেন প্রবীণ সাংসদ। এর জেরে শিশির অধিকারী-সহ ৩ জনের বিরুদ্ধে আইনি নোটিশ পাঠান কুণাল। কিন্তু তার পরেও অভিযুক্তদের তরফে কোনও হেলদোল দেখা যায়নি। এর পরেই চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের কাছে মামলা দায়ের অনুমতি চান কুণালের আইনজীবী অয়ন চক্রবর্তী। সেই মতো এদিন ১৯ নম্বর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের এজলাসে মামলার শুনানি হয়। তৃণমূল মুখপাত্রের থেকে বিষয়টি শোনেন ১৯ নম্বর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট। অয়ন জানান, ৫০০ ধারা, ১২০-বি ধায়ায় শিশির-সহ ৩ জনের বিরুদ্ধে সমন জারি করা হয়েছে। ১১ মার্চ তাঁদের সশরীরে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে।

এবিষয়ে কুণাল ঘোষ জানান, ব্যক্তিগত আক্রমণ করতে গিয়ে শুধু আমাকে নয়, অমিত শাহকেও কুৎসিত আক্রমণ করেছেন শিশির অধিকারী, সাংসদ, শুভেন্দুর বাবা। তাঁর কথায়, বঙ্গ বিজেপির কীর্তিকলাপ জানিয়ে অমিত শাহর কাছে চিঠি লিখেছিলেন কুণাল। সেই চিঠি গ্রহণ করে তার জবাবও দেন স্বরাষ্ট্রমন্ত্রী। এর পরেই আরও খেপে যায় বঙ্গ বিজেপি নেতৃত্ব। কুণাল ঘোষকে চরম নোংরা ভাষায় আক্রমণ করেন শিশির অধিকারী। তাঁর বিরুদ্ধে মানহানির মামলা করেন কুণাল। সেই মামলাতে শিশির-সহ ৩ জনকে সমন করা হয়েছে।

# পরীক্ষার্থী পিছু শিক্ষক সংখ্যা বেঁধে দিল পর্ষদ

**মাধ্যমিক ২০২৪**

**প্রতিবেদন :** পরীক্ষার হলে টোকাটুকি রুখতে আরও কড়া পদক্ষেপ নিল মধ্যশিক্ষা পর্ষদ। পরীক্ষার হলে গার্ড দেওয়ার জন্য পড়ুয়া পিছু শিক্ষকের সংখ্যা বেঁধে দেওয়া হল। ইতিমধ্যেই এই বিষয়ে জেলার স্কুলগুলিতে নির্দেশিকা পাঠিয়েছেন পর্ষদ। নির্দেশিকায় বলা হয়েছে, প্রতি ২০ জন পরীক্ষার্থী পিছু একজন করে গার্ড থাকবেন। আবার এর বেশি পরীক্ষার্থী হলে তখন ২ জন গার্ড থাকবেন। তবে যদি কোনও স্কুলে বা ক্লাসে ২০ জন বা তার কম পরীক্ষার্থী বসে তাহলেও সেক্ষেত্রে ২ জন করেই ইনভিজিলেটর রাখা হবে। আগামী ২ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে মাধ্যমিক পরীক্ষা। মাধ্যমিক পরীক্ষার জন্য ইতিমধ্যে আড়াই হাজারেরও বেশি পরীক্ষা কেন্দ্র প্রস্তুত করা হয়েছে। পর্ষদ জানিয়ে দিয়েছে, যে স্কুলগুলি পরীক্ষাকেন্দ্র হিসেবে বিবেচিত হয়নি সেখানকার শিক্ষক শিক্ষিকাদের বাধ্যতামূলকভাবে পরীক্ষার ডিউটি করতে হবে, অন্যথায় শাস্তিমূলক ব্যবস্থা নেবে পর্ষদ।

# মোদী ব্যস্ত নিজের প্রচারে, ডুবছে দেশ

(প্রথম পাতার পর)

শিক্ষা, স্বাস্থ্য এবং মৌলিক সুবিধার ক্ষেত্রে রাজ্যগুলির মধ্যে বৈষম্য স্পষ্ট। বিহার, উত্তরপ্রদেশ, ঝাড়খণ্ড, অসম, ওড়িশা এবং মধ্যপ্রদেশের স্থান সবথেকে নীচে।

এছাড়া কর্মসংস্থানে লিঙ্গবৈষম্য দেখা দিয়েছে প্রবলভাবে। মহিলাদের কর্মসংস্থানের হার ১১.৮৮ শতাংশ থেকে কমে হয়েছে ৭.৯৬ শতাংশ। শহরাঞ্চলে মহিলাদের কর্মসংস্থানের হার কমে ১০.৭৭ শতাংশ থেকে হয়েছে ৫.৫৭ শতাংশ। ২০২২ সালের ডিসেম্বরে বার্ষিক খাদ্য মূল্যস্ফীতি যেখানে ৪.১৯ শতাংশ ছিল, সেখানে ২০২৩-এর ডিসেম্বরে ৯৫.৩ শতাংশ হয়েছে। সেপ্টেম্বরে টমেটোর বর্ধিত দামের প্রভাবে খাদ্য মূল্যস্ফীতির হার বেড়েছিল। ডিসেম্বরে খুচরো বাজারে পেঁয়াজের মূল্যস্ফীতি বেড়েছে ৭৪.১৭ শতাংশ। ডালের মূল্যস্ফীতি ডিসেম্বরে বেড়েছে ২০.৭৩ হয়েছে। ক্রমহ্রাসমান উৎপাদন ও পক্ষান্তরে মূল্যস্ফীতি প্রভাব ফেলছে দেশের অর্থনীতিতে। ডুবতে শুরু করেছে দেশ। কোনও হেলদোল নেই কেন্দ্রের সরকারের।

# নিউটাউনে আগুন

**প্রতিবেদন :** মকরসংক্রান্তির সকালেই ফের ভয়াবহ অগ্নিকাণ্ড শহরে। সোমবার সকালে নিউটাউনের জ্যোতিনগরে আচমকাই আগুন লাগে। আগুনের তীব্রতা এতটাই বেশি ছিল যে অগ্নিকাণ্ডে চারটি বাড়ি পুড়ে ছাই হয়ে গিয়েছে। স্থানীয় সূত্রে খবর, এদিন নিউটাউনের ওই এলাকায় প্রথমে একটি বাড়িতে আগুন লাগে। আগুন লাগার পরই বাড়িতে থাকা এলপিজি সিলিন্ডার ফেটে যায়। সেখান থেকে আগুন আশপাশের বেশ কয়েকটি বাড়িতে ছড়িয়ে পড়ে। তড়িঘড়ি পুলিশ এবং দমকলে খবর দেওয়া হয়। কিন্তু সরু রাস্তা হওয়ায় দমকল কর্মীদের সমস্যা হয়।

# নিশ্চিন্তের মকরস্নান

(প্রথম পাতার পর)

২৪ ঘণ্টা যোগাযোগে রয়েছেন দায়িত্বপ্রাপ্ত ৮ মন্ত্রীর সঙ্গে। রাজ্য সরকারের আয়োজনে দারুণ খুশি ভিন রাজ্যের পুণ্যার্থীরাও।

গত সপ্তাহে গঙ্গাসাগর মেলার প্রস্তুতি সরেজমিনে দেখে এসেছিলেন মুখ্যমন্ত্রী। প্রশাসনকে সতর্ক থাকার পাশাপাশি আগত পুণ্যার্থীদের উদ্দেশ্যেও বার্তা ছিল মুখ্যমন্ত্রীর। গঙ্গাসাগরের আলোর জন্য ৮ কোটি টাকা খরচ হয়েছে রাজ্য সরকারের তরফে। এ বছর মেলায় যাতায়াতের জন্য রয়েছে ২,৫০০টি বাস, ৬টি বার্জ, ১০০টি লঞ্চ ও বাড়তি ট্রেন। যে কোনওরকম সমস্যা সামাল দেওয়ার জন্য আছেন ২,৪০০ সিভিল ডিফেন্স কর্মী। এছাড়াও রয়েছেন অন্যান্য ভলান্টিয়ার্স। মেলায় কেউ অসুস্থ হয়ে পড়লে, পর্যাপ্ত চিকিৎসা ব্যবস্থাও রাখা হচ্ছে। মেলায় থাকবে ইনটেনসিভ কেয়ার ইউনিট, ৩০০ বেড, পর্যাপ্ত চিকিৎসক। এছাড়াও এয়ার অ্যাম্বুল্যান্স এবং বিশেষ পরিস্থিতিতে রোগীদের জন্য গ্রিন করিডর। মানুষের স্বার্থে বিভিন্ন ভাষায় প্রচারের ব্যবস্থাও রাখা হয়েছে গঙ্গাসাগর মেলায়। আর বাড়ি থেকেই এই সবকিছুরই তদারকি করছেন মুখ্যমন্ত্রী। পুণ্যস্নানে প্রতিটি মুহূর্তের খবর নিচ্ছেন।

নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ, সিভিল ডিফেন্স, সাগরপ্রহরীর স্বেচ্ছাসেবকরা সতর্ক নজর রেখে চলেছেন সমুদ্রে ও সৈকতে। সাগরমেলায় থেকে গোটা মেলার তদারক করছেন মন্ত্রী অরূপ বিশ্বাস, শোভনদেব চট্টোপাধ্যায়, স্নেহাশিস চক্রবর্তী, বঙ্কিম হাজরা, পুলক রায়, পার্থ ভৌমিক, সুজিত বসু ও ইন্দ্রনীল সেনরা। জেলা পরিষদের সভাধিপতি নীলিমা বিশ্বাস ও বিধায়ক যোগরঞ্জন হালদারও মেলায় উপস্থিত হয়েছেন।


সম্পাদক : সুখেন্দুশেখর রায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

# গঙ্গাসাগরে মকরসংক্রান্তির পুণ্যস্নানের ঝলক













